

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৮

অক্টোবর ০৫, ২০১০  
তারিখ:-----  
আশ্বিন ২০, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

ইভেন্টিং সংস্থা কর্তৃক প্রদত্ত সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর আদায় সংক্রান্ত  
বোর্ডের নির্দেশনা প্রসঙ্গে।

জাতীয় রাজস্ব বোর্ড এর সেপ্টেম্বর ২২, ২০১০ তারিখের নথি নং ৮(৮)মূসক নীঃ ও বাঃ/৯৯(অংশ-১)/৩৪২  
আপনাদের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্তে **অপর পৃষ্ঠায়** হুবহু পুনর্মুদ্রিত হলো।

০২। বর্ণিত নির্দেশনা আপনাদের সকল শাখাকে অবিলম্বে অনুসরণ এবং তার পরিপালন নিশ্চিত করার জন্য  
আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সোহরাওয়ার্দী)  
মহাব্যবস্থাপক  
ফোনঃ ৭১১৭৮২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-৮(৮)মূসক-নীঃ ও বাঃ/৯৯(অংশ-১)/৩৪২

তারিখ : ২২-০৯-২০১০ খ্রিঃ।

বিষয় : ইন্ডেন্টিং সংস্থা কর্তৃক প্রদত্ত সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর আদায় সংক্রান্ত বোর্ডের নির্দেশনা।

সূত্র : স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, গুলশান, ঢাকা এর ১৭ আগস্ট, ২০১০ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে ইন্ডেন্টিং সংস্থা কর্তৃক প্রদত্ত সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর আদায় বিষয়ে মূল্য সংযোজন কর আইনের বিদ্যমান বিধি-বিধান পর্যালোচনা করা হয়েছে। এতে দেখা যায় যে, ইন্ডেন্টিং সংস্থা (সেবার কোড S0১৪.০০) কর্তৃক প্রদত্ত সেবার উপর ১৫% হারে মূল্য সংযোজন কর (মূসক) প্রযোজ্য। ইন্ডেন্টরগণ মূলতঃ দেশী বা বিদেশী ক্রেতা ও বিক্রেতা প্রতিষ্ঠানকে সেবা প্রদান করে থাকেন। যেহেতু ইন্ডেন্টরগণ মূসক চালান ইস্যু করেন না এবং ইন্ডেন্টরকে কমিশন প্রদানকারী বিদেশী এজেন্টও কোনরূপ চালান ইস্যু করেন না, তাই এক্ষেত্রে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৬ এর উপ-ধারা (৪ঘ) এর বিধান অনুযায়ী পরিশোধযোগ্য পণ্যের ৩(তিন) শতাংশ কর্তন করা সম্ভব হচ্ছে না। যেহেতু অন্যভাবেও ইন্ডেন্টর কর্তৃক মূসক পরিশোধ করা হচ্ছে না, তাই ইন্ডেন্টরগণ কর্তৃক প্রাপ্য কমিশন বা মূল্য পরিশোধকালে প্রযোজ্য সমুদয় মূসক (১৫% হারে) উৎসে কর্তন করে অবশিষ্ট অর্থ পরিশোধ করতে হবে।

০২। বর্ণিত প্রেক্ষাপট বিবেচনায় ইন্ডেন্টিং সংস্থা কর্তৃক প্রদত্ত সেবার ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর আদায় নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত-

(এ.কে.এম. মাহবুবুর রহমান)

দ্বিতীয় সচিব (মূসক নীতি ও বাজেট)